আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**13 DECEMBER 2024** **7:45—7:55 PM IST**

==================================================

১) সংসদের উভয় সভায় আজ ২০০১ সালের সংসদ ভবনের আক্রমণের ঘটনায় নিহত শহিদদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন।

২) রাজ্যের শিক্ষা বিভাগের প্রথমবারের মতো বিদ্যালয়গুলোতে বিশেষভাবে গণিত শিক্ষক পদ সৃষ্টির সিদ্ধান্ত।

৩) রাজ্যের বিভিন্ন জেলার সঙ্গে কাছাড় এবং শ্রীভূমি জেলায় ড: বাণীকান্ত কাকতি পুরস্কার - আনন্দরাম বরুয়া পুরস্কার প্রদানের সূচনা।

এবং

৪) ৬৮ তম ন্যাশনাল স্কুল গেমসে ক্যারেটের বিভিন্ন শাখায় আসামের তিনজন ছাত্রীর সোনা এবং ব্রোঞ্জ পদক অর্জন।

---

রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মুর্মু ও প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ ২০০১ সালে সংসদ ভবনে সন্ত্রাসবাদীর আক্রমণ প্রতিহত করতে গিয়ে প্রাণ আহুতি দেওয়া বীর জোয়ানদের স্মৃতিতে শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন করেন । সামাজিক মাধ্যমে এক বার্তায় শ্রীমতী মুর্মু সুরক্ষা কর্মীদের সাহস ও নিস্বার্থ সেবার কথা স্মরণ করে বলেন যে তারা

দেশবাসীকে নিরন্তর অনুপ্রাণিত করে আসছে । রাষ্ট্রপতি এই ত্যাগের জন্য তাদের কাছে দেশ সবসময় কৃতজ্ঞ হয়ে থাকবে বলে উল্লেখ করেন ।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই সাহসী জোয়ানদের ত্যাগ দেশবাসীকে সবসময় অনুপ্রাণিত করবে বলে উল্লেখ করেন ।

উপরাষ্ট্রপতি জগদীপ ধনখর , লোকসভার অধ্যক্ষ ওম বিরলা ও কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ  নতুনদিল্লীর সংসদভবনে প্রাংগনে সন্ত্রাসবাদী আক্রমণের শহীদদের প্রতি আজ শ্রদ্ধাঞ্জলী জ্ঞাপন করেন ।

---------------------------------------------------------------------------------

লোকসভায় আজ ভারতীয় সংবিধানের ৭৫ তম বছরের গৌরবময় যাত্রাকে নিয়ে এক বিশেষ  আলোচনা অনুষ্ঠিত হয় ।আলোচনায় অংশ নিয়ে প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং বলেন যে ভারতীয় সংবিধান সামাজিক- অর্থনৈতিক- রাজনৈতিক ও সাংস্কৃতিক জীবনের সব দিককে স্পর্শ করে জাতি গঠনের প্রক্রিয়ার পথ প্রশস্ত করে তুলেছে । তিনি বলেন যে সংবিধান হচ্ছে দেশের সভ্যতা ও মূল্যবোধের প্রতীক । মন্ত্রী বলেন আগে সংবিধান সভা স্বাধীন ভারতের জন্য একটি সংবিধান প্রস্তুতের প্রক্রিয়া চালিয়েছিল । ৩ বছরের বিতর্ক ও বিবেচনার পর দেশ একটি সংবিধান লাভ করে ।তিনি বলেন সংবিধানসভার প্রস্তুত করা এই সংবিধান শুধু নথি-ই নয় জনসাধারণের ও ইচ্ছার প্রকাশ ।

---------------------------------------------------------------------------------

রাজ্যের শিক্ষা বিভাগ প্রথমবারের জন্য  গণিতের শিক্ষকের পদ সৃষ্টি করেছে । শিক্ষামন্ত্রী ড: রণোজ পেগু আজ সাংবাদিকদের একথা জানিয়ে বলেন যে রাজ্যের বিদ্যালয়গুলিতে বিজ্ঞান বিষয়ের শিক্ষক নিয়োগ করে তাদেরকেই গণিতের শিক্ষা প্রদানের ও দায়িত্ব দেওয়া হয়ে থাকে ।এবার প্রথমবারের জন্য সরকার ১ হাজার ৭৬০ টি গণিত শিক্ষকের পদ সৃষ্টি করার সিদ্ধান্ত নিয়েছে । প্রতিটি মাধ্যমিক বিদ্যালয়ে একজন করে গণিতের শিক্ষক পৃথকভাবে নিয়োগ করার ব্যবস্থা করা হবে বলে উল্লেখ করে পর্যায়ক্রমে এই পদের  সংখ্যা বৃদ্ধি করা হবে ।

---------------------------------------------------------------------------------

বাংলাদেশ সরকার সংখ্যালঘুদের সুরক্ষা প্রদানের জন্য ব্যবস্থা গ্রহণ করবে বলে ভারত আশাবাদী  । লোকসভায় পরিপূরক প্রশ্নের উত্তরে বৈদেশিক মন্ত্রী ড: এস জয়শংকর একথা জানান । তিনি বলেন যে বাংলাদেশে সংখ্যালঘুদের ওপর হোয়া একাধিক আক্রমণ চিন্তার বিষয় হয়ে পড়েছে এবং একথা ভারত বাংলাদেশ কতৃপক্ষের দৃষ্টি আকর্ষন করেছে ।বাংলাদেশে ভারতর উন্নয়নমূলক প্রকল্পের একটি ভালো ইতিহাস

রয়েছে বলে উল্লেখ করে ডঃ জয়শংকর নতুন ব্যবস্থার মাধ্যমে পারস্পরিকভাবে লাভজনক ও সুস্থির সম্পর্ক স্থাপন হোয়ার আশা প্রকাশ করেন ।

---

বরাক উপত্যাকা উন্নয়ন দপ্তরের মন্ত্রী কৌশিক রাই আজ শিলচরের গান্ধী মেলার মাঠে আয়োজিত এক অনুষ্ঠানে কাছাড় জেলার মেধাবী ছাত্রছাত্রীদের মধ্যে আনন্দরাম বরুয়া পুরস্কারের অধীনে নগদ অর্থ ও ডঃ বাণীকান্ত কাকতি মেধা পুরস্কারের অধীনে স্কুটি এবং মুখ্যমন্ত্রীর বিশেষ প্রকল্পের অধীনে সাইকেল বিতরণ কার্যসূচীর সূচনা করেন ।কাছাড় জেলায় এবছর বাণীকান্ত কাকতি মেধা পুরস্কারের অধীনে ১ হাজার ৮১৪ জনকে স্কুটি , আনন্দরাম বরুয়া পুরস্কারের অধীনে ১ হাজার ২২৯ জন শিক্ষার্থীর মধ্যে নগদ অর্থ এবং ২০ হাজার ৬১ জন ছাত্রছাত্রীদের মধ্যে সাইকেল বিতরণ করা হবে । আজ অনুষ্ঠানিকভাবে কয়েকজন শিক্ষার্থীর হাতে এই পুরস্কার তুলে দেওয়া হয় । অনুষ্ঠানে জেলা আয়ুক্ত মৃদুল যাদব , পুলিশ সুপার নুমাল মাহাতো ,বিধায়ক দিপায়ন চক্রবর্তী , মিহিরকান্তি সোম , নিহার রঞ্জন দাস প্রমুখ উপস্থিত ছিলেন ।

---

শ্রীভূমি জেলায়ও আজ মেধাবী ছাত্রছাত্রীদের মধ্যে আনন্দরাম বরুয়া পুরস্কার , বাণীকান্ত কাকতি মেধা পুরস্কার প্রদান করা হয় ।শহরের নীলমণি উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত এক অনুষ্ঠানে রাজ্যের পশুপালন ও পশু চিকিৎসা তথা মৎস্য বিভাগের মন্ত্রী কৃষ্ণেন্দু পাল আনন্দরাম বরুয়া পুরস্কারের অধীনে ১২ হাজার ৫০০ টাকার চেক ,বাণীকান্ত কাকতি পুরস্কারের অধীনে স্কুটি এবং সরকারী বিদ্যালয়ের নবম শ্রেণীর ছাত্রছাত্রীদের মধ্যে সাইকেল বিতরণ কার্যসূচীর সূচনা করেন ।আজ আনুষ্ঠানিকভাবে ৫ জন ছাত্রছাত্রীর হাতে এই পুরস্কার তুলে দেওয়া হয় ।উল্লেখ্য এবছর শ্রীভূমি জেলায় ১২ হাজার ১২৬ জন ছাত্রছাত্রীকে সাইকেল , প্রথম শ্রেণীতে দ্বাদশ উত্তীর্ণ ছাত্রী ও ৭৫ শতাংশ বা তার উর্দ্ধে নম্বর প্রাপ্ত দ্বাদশ উত্তীর্ণ ছাত্রদের ডঃ বাণীকান্ত কাকতি পুরস্কার হিসেবে মোট ১ হাজার ৯৩০ জনকে স্কুটি এবং হাইস্কুল শিক্ষান্ত পরীক্ষায় ৭৫ শতাংশ বা তার বেশী নম্বর প্রাপ্ত ৮৪৮ জন ছাত্রছাত্রীকে ১২ হাজার ৫০০ টাকা করে প্রদান করা হচ্ছে ।অনুষ্ঠানে বিধায়ক কমলাক্ষ দে পুরকায়স্থ , বিজয় মালাকার প্রমুখ উপস্থিত ছিলেন ।

---

ডিমা হাসাও জেলায় চলতি বছরের হাইস্কুল ও উচ্চতর মাধ্যমিক পরীক্ষায় কৃতিত্বের সঙ্গে উর্ত্তীন ছাত্র-ছাত্রীদের আজ আনন্দরাম বরুয়া ও বানীকান্ত কাকতি পুরষ্কার প্রদান করা হয়েছে । এ উপলক্ষ্যে আজ হাফলং শহরের লাল ফিল্ডে আয়োজিত সভায়

জেলার দু হাজার একশ একজন ছাত্র-ছাত্রীর মধ্যে চেক , স্কুটী ও বাই-সাইকেল বিতরন করা হয়েছে । আজকের অনুষ্ঠানে রাজ্যের ক্রীড়া , যুব কল্যান মন্ত্রী নন্দিতা গারলোসা , উত্তর-কাছাড় পার্বত্য স্বশাসিত পরিষদের মূখ্য কার্য্যবাহী সদস্য দেবলাল গারলোসা প্রমূখ অংশগ্রহন করেন ।

---

৬৮ তম ন্যাশনেল স্কুল গেমস প্রতিযোগীতায় আসামের তিনজন ছাত্রী রাজ্যবাসীকে গৌরাবান্বিত করেছে । নতুনদিল্লীর থ্যাগারাজ ষ্টেডিয়ামে অনুষ্ঠিত ১৭ বছর অনুর্ধ মেয়েদের কেরাটের কুমিটে ৩৬ কিলোগ্রাম শাখায় তানায়া নাথ সোনার পদক অর্জন করেছে । এদিকে পাঞ্জববের লুধিয়ানায় চলে থাকা একই প্রতিযোগীতায় সুনয়না গগৈ ১৪ বছর অনুর্ধ কুমিটে ৩৪ কিলোগ্রাম শাখায় ও রশ্মি প্রধান কুমিটে ৪২ কিলোগ্রাম শাখায় ব্রঞ্জের পদক লাভ করেছে । এই প্রতিযোগীতাটি গত ১১ ই ডিসেম্বর শুরু হয়েছে আগামী ১৭ ই ডিসেম্বর শেষ হবে ।

---

রাজ্যের খাদ্য , গনবন্টন ও বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের মন্ত্রী কৌশিক রাই জনসাধণের কল্যাণ তথা সুবিন্যস্ত রেশন কার্ড বিতরণ ব্যবস্থার অগ্রগতি সম্পর্কে পর্যালোচনার উদ্দেশ্যে আজ শিলচরে একটি উচ্চ পর্যায়ের পর্যালোচনা সভা আহ্বান করেন । কাছাড়ের জেলা আয়ুক্তের সভাকক্ষে আয়োজিত এই বৈঠকে জেলায় নতুনকরে রেশন কার্ড প্রদানের বিষয় নিয়ে আলোচনা করা হয় ।

মন্ত্রী শ্রী রাই এর পৌরহিত্যে অনুষ্ঠিত বৈঠকে জেলা আয়ুক্ত মৃদুল যাদব , বিধায়ক দীপায়ন চক্রবর্তী , মিহির কান্তি সোম , নিহার রঞ্জন দাস , অতিরিক্ত জেলাআয়ুক্ত ড: ধ্রুবজ্যোতি হাজারিকা উপস্থিত ছিলেন । বৈঠকে শ্রী রাই সরকারের সব প্রকৃত হিতাধিকারীদের শীঘ্র রেশন কার্ড প্রদান প্রক্রিয়া সম্পন্ন করার প্রতিশ্রুতির কথা উল্লেখ করে তিনি পড়ে থাকা আবেদনপত্রগুলির বর্তমান অবস্থা সম্পর্কে অবগত হয়ে প্রদান প্রক্রিয়া দ্রুত করার বিষয় নিয়ে আলোচনা করেন । মন্ত্রী সমাজের সুবিধাবঞ্চিত লোকেদের এই রেশন কার্ড প্রদানের জন্য যাবতীয় প্রক্রিয়া যাতে সচ্ছ ও সুষ্ঠু হয় তার প্রতি গুরুত্ব আরোপ করেন । মন্ত্রী আবেদন প্রক্রিয়া সহজ করা , জনসচেতনতা বৃদ্ধি এবং নতুন রেশন কার্ড বিতরণের সুষ্ঠু বাস্তবায়নের জন্য নির্দেশ দেন ।শ্রী রাই জেলা প্রশাসন সহ সংশ্লিষ্ট সকলের এক্ষেত্রে প্রচেষ্টার প্রশংসা করে একটি কার্যকর গনবন্টন ব্যবস্থা গড়ে তুলতে সকলকে একযোগে কাজ করে যেতে আহ্বান জানান ।

---

তেজপুর বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন উপাচার্য , বিশিষ্ট শিক্ষাবিদ তথা শিক্ষা বিভাগের প্রাক্তন

উপদেষ্টা ডঃ মিহিরকান্তি চৌধুরী আজ শেষ নিঃশ্বাষ ত্যাগ করেছেন । বয়স হয়েছিল ৭৭ ।খরগপুর আই আই টি , জার্মানীর রো’সামের রুর বিশ্ববিদ্যালয় এবং কল্যাণী বিশ্ববিদ্যালয়ে শিক্ষা লাভ করা ডঃ চৌধুরী একজন বিশিষ্ট অজৈব রশায়নবিদ হিসেবে দেশ বিদেশে পরিচিত ছিলেন ।গুয়াহাটী আই আই টি সহ দেশের বেশ কয়েকটি বিজ্ঞান এবং প্রযুক্তিবিদ্যা প্রতিষ্ঠানে তিনি অধ্যাপক হিসেব কার্যনির্বাহ করেছেন ।বৈজ্ঞানিক এবং ঔদ্যোগিক গবেষণা পরিষদ ও ভারতীয় জাতীয় বিজ্ঞান একাডেমীর নির্বাচিত বিজ্ঞানী প্রয়াত ডঃ চৌধুরী ১৯৮৯ সালে শান্তিস্বরূপ ভাটনাগর পুরস্কার সহ জাতীয় পর্যায়ের বহু পুরস্কার তিনি লাভ করেছেন ।তেজপুর বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠা ও উন্নয়নের ক্ষেত্রে তিনি উল্লেখযোগ্য ভূমিকা পালন করেন ।ডঃ চৌধুরীর মৃত্যুতে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা , তেজপুর বিশ্ববিদ্যালয় সহ বহু বিশিষ্ট ব্যক্তি , দল সংগঠন গভীর শোকপ্রকাশ করেন ।

---------------------------------------------------------------------------------------

কাছাড় জেলায় পঞ্চায়েত নির্বাচন ২০২৫ এর খসড়া ভোটার তালিকা প্রস্তুত করা হয়েছে ।১৯৯৫ সালের আসাম পঞ্চায়েত ( গঠন) বিধির ১২ (২) ধারা অনুসারে এবং ২০২৫ সালের পয়লা জানুয়ারীর বিধানসভার ভোটার তালিকাকে ভিত্তি করে আসাম রাজ্য নির্বাচন কমিশনের নির্দেশে এই তালিকা প্রস্তুত করা হয়েছে ।এই খসড়া ভোটার তালিকা জেলা আয়ুক্তের কার্যালয় , জেলা পরিষদ কার্যালয় , সংশ্লিষ্ট উন্নয়নখন্ড কার্যালয় এবং সংশ্লিষ্ট গাওপঞ্চায়েত কার্যালয় সমুহে পরিদর্শনের জন্য রাখা হয়েছে । এছাড়া আসাম রাজ্য নির্বাচন কমিশনের ওয়েবসাইট sec.assam.gov.in // ermssec.assam.gov.in এ পাওয়া যাচ্ছে । ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্তি , দাবী ও আপত্তির জন্য আবেদনপত্র সংশ্লিষ্ট গাওপঞ্চায়েত সচিবের কার্যালয়ে পাওয়া যাবে ।আগামীকাল থেকে ২১ শে ডিসেম্বর পর্যন্ত দাবী আপত্তির দিন ধার্য করা হয়েছে ।২২ ডিসেম্বর থেকে ২৬ শে ডিসেম্বর পর্যন্ত দাবী আপত্তি নিষ্পত্তি করা হবে ।২৮ শে ডিসেম্বর চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করা হবে ।

---------------------------------------------------------------------------------------

কাছাড়ের জেলা ক্রীড়া আধিকারীক এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে উধারবন্দ বিধানসভা কেন্দ্রের খেল মহারন প্রতিযোগীতা আগামী ১৬ ডিসেম্বর থেকে ২০ ডিসেম্বর পর্য্যন্ত , ধলাই বিধানসভা কেন্দ্রের খেল মহারন প্রতিযোগীতা ১৫ থেকে ২১শে ডিসেম্বর পর্য্যন্ত এবং কাটিগড়া বিধানসভা কেন্দ্রের খেল মহারন প্রতিযোগীতা আগামী ১৬ থেকে ২৩ শে ডিসেম্বর পর্য্যন্ত অনুষ্ঠিত হবে । ইচ্ছুক প্রতিযোগীদের নিজেদের বিধানসভা কেন্দ্রের এল এ সি-র সঙ্গে যোগাযোগ করতে বলা হয়েছে ।

--------------------------------------------------------------------------------